অক্টোবর-ডিসেম্বর ২০২২ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা




## এনডব্লিউপিজিসিএল বিপিডিবিকে দিচ্ছে ৬০ কোটি টাকার ডিভিডেন্ট




## এনডব্লিউপিজিসিএল এর ১৫তম বার্ষিক সাধারণ সভা সম্পন্ন

# নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**অক্টোবর-ডিসেম্বর ২০২২ সংখ্যা**

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। এছাড়া, পরিবেশ সংরক্ষণের নিমিত্ত নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের গুরুত্ব বিবেচনায় ২০৪১ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহার করে মোট উৎপাদনের ১০% বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা সরকারের রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে ইউরোপে চলমান যুদ্ধ বর্তমান বিশ্ব অর্থনীতির জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানি সংকট বাংলাদেশকেও প্রভাবিত করেছে। তবে আশার সংবাদ হচ্ছে, জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল


### উপদেষ্টামন্ডলী

**মোঃ মাসুদুল ইসলাম**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

### প্রকাশক

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

### সম্পাদক

**বিমল চন্দ্র রায় এফসিএস**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

### সমন্বয়ক

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

### সহকারী সম্পাদক

**আখতার মাহমুদ**
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

# স্বাগত বক্তব্য




প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, এনডব্লিউপিজিসিএল

বিজয়ের এ মাসে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ তাঁর পরিবারের সকল শহীদদের এবং ১৯৭১ সালের বীর মুক্তিযোদ্ধাদের।

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর ২য় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। ‘এনডব্লিপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

এ মাসে এনডব্লিউপিজিসিএল এর ১৫-তম বার্ষিক সাধারণ সভা সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। যার তথ্যও ‘এনডব্লিউপিজিসিএল বার্তার’ বর্তমান সংখ্যায় দেয়া হয়েছে। আমাদের সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও কোম্পানির পরিচালকবৃন্দ বার্ষিক সাধারণ সভার সামগ্রিক আয়োজন ও বাৎসরিক প্রকাশনা বার্ষিক প্রতিবেদন দেখে ভূয়সী প্রশংসা করেন। যা আমাদের অন্যতম অর্জন। এ সকল বিষয় ও সামগ্রিকভাবে চলমান সময়ে কোম্পানির অর্জনের বিষয়ে জনসাধারণ একটি স্পষ্ট চিত্র এ ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ থেকে পাবে বলেই বিশ্বাস করি আমি।

পরিশেষে, আমি ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র

কোম্পানি প্রোফাইল - ৬

এক নজরে কোম্পানির কার্যক্রম - ৭

১৫তম বার্ষিক সাধারণ সভা উদযাপন - ৯

বিদ্যুৎ সচিব মহোদয়ের বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প পরিদর্শন - ১০

মহান বিজয় দিবস ২০২২ উদযাপন – ১১

অফিস ম্যানেজমেন্ট এন্ড অফিস এডমিনিস্ট্রেশন শীর্ষক প্রশিক্ষণ - ১২

জাতীয় শুদ্ধাচার কৌশল ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি - ১৪

১২তম আন্তর্জাতিক ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং কনফারেন্স ২০২২ - ১৫

''এস.পি.এস. প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্ট-২০২২'' - ১৮

তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন - ২০

নিজস্ব জনবলের সহায়তায় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে Boiler Feedwater Pump (BFP)-এর Major Overhaul সম্পাদন - ২৩

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র – ২৫

খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র - ২৯

# কোম্পানি পরিচিতি




দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্র হতে কোম্পানি জাতীয় গ্রীডে ৩০৬৩.১৩ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করছে। অল্প সময়ে কোম্পানির আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের ক্ষমতা ৩৫০৬.৫৫ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের ক্ষমতা ২৯৩০.৩২ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | **সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২**<br>**কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪** |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | **সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩**<br>**কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬** |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | **সিম্পল সাইকেল: মে ২০১৭**<br>**কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭** |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **ফেব্রুয়ারী ২০১৮** |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮**<br>**কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯** |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | **এপ্রিল ২০১৯** |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | **সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮**<br>**কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯** |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ মে, ২০২০**<br>**২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০** |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | **৩০ মার্চ ২০২১** |
| | | **বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩.১৩** মেঃওঃ | |


## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | ১ম ইউনিট: অক্টোবর ২০২৫<br>৪র্থ ইউনিট: এপ্রিল ২০২৬ |
| ২. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: অক্টোবর ২০২৩<br>২য় ইউনিট: এপ্রিল ২০২৩ |
| ৩. | পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৪.৫৫ | ডিসেম্বর, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৮ | ডিসেম্বর, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | -- | ৫০ | ডিসেম্বর, ২০২৪ |
| ৬. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) | এলএনজি | ১২০০ | জুন, ২০২৬ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫০৬.৬৬** মেঃওঃ | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০২৮ |
| ২. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০৩০ |
| ৩. | বিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি) | সোলার/উইন্ড | ৫৩০.৩২ | পরিকল্পনাধীন |
| | | **মোট ক্ষমতা** | **২৯৩০.৩২** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



# ১৫তম বার্ষিক সাধারণ সভা উদযাপন

গত ১২ ডিসেম্বর, ২০২২ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর ১৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার, পরিচালকমন্ডলী এবং ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মাননীয় বিদ্যুৎ সচিব, জনাব মোঃ হাবিবুর রহমান কেক কেটে ১৫তম বার্ষিক সাধারণ সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন। উক্ত সভায় কোম্পানির পক্ষ থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে ৬০ (ষাট) কোটি টাকার চেক প্রদান করা হয়। মাননীয় শেয়ারহোল্ডারগণ ও পরিচালকমন্ডলী কোম্পানির অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ভবিষ্যতেও উন্নতির ধারা অব্যাহত রাখতে কোম্পানি কর্তৃপক্ষকে অনুরোধ করেন।




কেক কেটে ১৫তম বার্ষিক সাধারণ সভার শুভ উদ্বোধন ঘোষণা




**বিপিডিবি-কে ডিভিডেন্ট চেক প্রদান**



**১৫তম বার্ষিক সাধারণ সভা**

# বিদ্যুৎ সচিব মহোদয়ের বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প পরিদর্শন

মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সহ বিদ্যুৎ বিভাগের অন্যান্য কর্মকর্তা ০৭ নভেম্বর ২০২২ ইং তারিখে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে তাদেরকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। এছাড়া তারা বিদ্যুৎ কেন্দ্রে বৃক্ষরোপন করেন।



বিদ্যুৎ সচিব মহোদয়কে ফুল শুভেচ্ছা জানাচ্ছেন
প্রধান প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



বিদ্যুৎ সচিব মহোদয়
সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে বৃক্ষরোপণ করছেন

একই দিন সচিব মহোদয়, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পিজিসিবি সহ বিদ্যুৎ বিভাগের অন্যান্য কর্মকর্তা সিরাজগঞ্জ ৬৮ মেগাওয়াট সোলার পার্ক প্রকল্প পরিদর্শন করেন ও প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ করেন।






# মহান বিজয় দিবস ২০২২ উদযাপন

১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে বিজয়ের মাধ্যমে বাঙালি অর্জন করে স্বাধীন দেশ, স্বাধীন পতাকা, একটি মানচিত্র। জাতির পিতা বঙ্গবন্ধুর নির্দেশে এ দেশের আপামর জনতা প্রাণ হাতে নিয়ে ঝাপিয়ে পড়ে বিজয় ছিনিয়ে আনে রক্তের বিনিময়ে। এ বিজয় আসে ত্রিশ লক্ষ শহীদ ও দু লক্ষ মা-বোনের ইজ্জতের বিনিময়ে। বিশাল ত্যাগের ফলে অর্জিত এ বিজয় বাঙালির অহংকার। ১৬ই ডিসেম্বর ২০২২ তারিখে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বিদ্যুৎ ভবনে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পক্ষ থেকে বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধাঞ্জলী অর্পণ করা হয়। এসময় কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ উপস্থিত ছিলেন আরো অনেকেই।

এছাড়াও কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রগুলোর পক্ষ থেকেও সংশ্লিষ্ট জেলায় বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধাঞ্জলী অর্পণ করা হয়।

## কর্পোরেট অফিস



কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে ভাবগাম্ভীর্যের সাথে মহান বিজয় দিবস ২০২২ উদযাপন করা হয়।

**কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহে বিজয় দিবস উদযাপন**




**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র**



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র



খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র


# অফিস ম্যানেজমেন্ট এন্ড অফিস এডমিনিস্ট্রেশন শীর্ষক প্রশিক্ষণ









**প্রধান নির্বাহী কর্মকর্তা প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করছেন**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লি:-এর প্রশিক্ষণ ক্যালেন্ডার-২০২২-২৩ মোতাবেক কর্পোরেট অফিস, বিদ্যুৎ কেন্দ্র ও ঢাকাস্থ প্রকল্প দপ্তরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী পর্যায় হতে উপ-বিভাগীয় প্রকৌশলী পর্যায়ের ২৪ জন কর্মকর্তার অংশগ্রহণে গত ২০-২২ ডিসেম্বর, ২০২২-এ ০৩ (তিন) দিনব্যাপী ‘‘Office Management & Office Administration’’ শীর্ষক একটি প্রশিক্ষণ কোর্স কর্পোরেট অফিসের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ শেষে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় প্রশিক্ষণার্থীদের হাতে সনদ তুলে দেন।

# জাতীয় শুদ্ধাচার কৌশল ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি



শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষতা বোঝায়। এর দ্বারা অনেক সময় একটি সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে এর অর্থ হল কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা, নিয়মানুবর্তিতা। মূলত জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালায় শুদ্ধাচারের প্রায় এরূপ অর্থই করা হয়েছে। দেশে সুশাসন প্রতিষ্ঠায়, এবং আরও সুনির্দিষ্টভাবে দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় আইনের প্রয়োগ ও এ সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন প্রয়োজন ছিল। সেইসঙ্গে এক্ষেত্রে ভবিষ্যৎ কর্মধারা নির্ধারণ করাও জরুরি ছিল। জাতীয় শুদ্ধাচার কৌশল সে লক্ষ্যেই গৃহীত একটি উদ্যোগ ।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে বদ্ধ পরিকর। এ প্রেক্ষিতে-এর কর্পোরেট অফিসে, বিদ্যুৎ কেন্দ্র ও ঢাকাস্থ প্রকল্প দপ্তরে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তার অংশগ্রহণে গত ২০ ডিসেম্বর, ২০২২-এ ০৩ (তিন) সেশনব্যাপী ''জাতীয় শুদ্ধাচার কৌশল ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি''  শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মশালা কর্পোরেট অফিসের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন জনাব আব্দুল্লাহ-আল-জাহিদ, পরিচালক (ইন্টিলেজেন্স ইউনিট) দুর্নীতি দমন কমিশন (দুদক), ঢাকা। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণ অনলাইন ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে অংশগ্রহণ করেন।

# ১২তম আন্তর্জাতিক ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং কনফারেন্স ২০২২




২১ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত EEE, BUET এবং IEEE কর্তৃক আয়োজিত 12th International Conference on Electrical and Computer Engineering (ICECE) 2022 এর উদ্বোধনী অনুষ্ঠানে কনফারেন্সের সিলভার স্পন্সর নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পক্ষ থেকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি) মুহাম্মদ সাইফুদ্দীন আহসান ক্রেস্ট গ্রহণ করেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ আগামী ২১-২৩ ডিসেম্বর ২০২২ ইং তারিখে ১২-তম "International Conference on Electrical and Computer Engineering (ICECE, 2022)" আয়োজন করে। দেশ বিদেশের বিভিন্ন শিক্ষাবিদ, গবেষক এবং উদ্যোক্তাদের সমন্বয়ে প্রতি দুইবছর

অন্তর অন্তর উক্ত কনফারেন্সের আয়োজন করা হয়ে থাকে। উক্ত কনফারেন্সে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ এবং সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগের দেশি-বিদেশি বিশেষজ্ঞ ও গবেষক উপস্থিত থেকে তাদের গবেষণাপত্র পেশ করবেন। কনফারেন্সে পেশকৃত গবেষণাপত্র আন্তর্জাতিক সাময়িকীতে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, উক্ত কনফারেন্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য ব্যাপক অর্থের প্রয়োজন হয় বিধায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ এনডব্লিউপিজিসিএলকে স্পন্সর হওয়ার আবেদন করলে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি পর্যালোচনা করে দেখে যে, বিভিন্ন দেশের গবেষক, শিক্ষাবিদ ও উদ্যোক্তাদের উপস্থিতিতে উক্ত কনফারেন্স অনুষ্ঠিত হবে এবং এতে ইলেকট্রনিক ও কম্পিউটার -এর উপর বিভিন্ন গবেষকদের গবেষণাপত্র উপস্থাপন করা হবে। এই ধরণের কনফারেন্স শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বিধায় সিএসআর তহবিল হতে “কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা নীতিমালা- ২০১৬” অনুযায়ী ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হয়।

# “এস.পি.এস. প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্ট-২০২২”



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের ক্রীড়া ও সুস্থ চিত্তবিনোদনের জন্য গত ১৯/০৮/২০২২ ইং তারিখে বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ০৫-টি দলের (SPS Fighters, SPS Warriors, SPS Riders, SPS Devotion, SPS Vikings) সমন্বয়ে একটি ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। উক্ত ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী জনাব শফিকুল ইসলাম, আনসার-ভিডিপির জেলা কমান্ড্যান্ট, সিরাজগঞ্জ পশ্চিম থানা ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ বিদ্যুৎ কেন্দ্রের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত ক্রিকেট টুর্নামেন্ট চলাকালীন একটি ম্যাচে নওপাজেকো লিঃ-এর নির্বাহী পরিচালক (পিএন্ডডি) জনাব মোঃ হারুন অর রশীদ মহোদয়, সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসক ড. ফারুক আহম্মদ মহোদয়, প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) (পিজিসিবি) জনাব মোঃ আব্দুল মোনায়েম চৌধুরী ও প্রধান প্রকৌশলী (ট্রান্সমিশন-২) (পিজিসিবি) জনাব মোঃ মাকসুদুর রহমান উপস্থিত ছিলেন।




ম্যান অব দা টুর্ণামেন্ট




ম্যান অব দা ম্যাচ

‘‘এস.পি.এস. প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্ট-২০২২” এ ০৫-টি দলের গ্রুপ পর্যায়, কোয়ালিফাইয়ার ও এলিমিনেটর ম্যাচসহ মোট ১৩-টি ম্যাচ অনুষ্ঠিত হয়। উক্ত ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা গত ১১/১১/২০২২ ইং তারিখ (শুক্রবার) অনুষ্ঠিত হয়। SPS Fighters এবং SPS Devotion টিমের মধ্যে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় এবং SPS Fighters ৫ উইকেটে জয় লাভ করে। ফাইনাল খেলায় অত্র বিদ্যুৎ কেন্দ্রের ৩য় ইউনিটের সহকারী প্রকৌশলী জনাব মোঃ ইমাম হোসেন ২৬ বলে ৬৮ রান করে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন এবং সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ২য় ইউনিটের উপ-সহকারী প্রকৌশলী অনিক চন্দ্র দাস ব্যক্তিগতভাবে ২৪৩ রান ও ১২ উইকেট সংগ্রহ করে ম্যান অব দ্যা টুর্নামেন্ট নির্বাচিত হন।

উক্ত টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে নওপাজেকো লিঃ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌ. এ. এম. খোরশেদুল আলম, নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌ. মোঃ আব্দুস সামাদ, মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) জনাব মোঃ মামুনুর রহমান মন্ডল, প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) জনাব মোঃ সাইফুল ইসলাম, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী জনাব শফিকুল ইসলামসহ কর্পোরেট অফিস ও বিদ্যুৎ কেন্দ্রের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (সংযুক্তি: ছবি)। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সকল কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব পালনের পাশাপাশি নিজ স্বাস্থের দিকে খেয়াল রেখে খেলাধুলা তথা সুস্থ চিত্তবিনোদনের ধারা অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করেন।



রানার্স ট্রফি



চ্যাম্পিয়ন ট্রফি

নওপাজেকো লিঃ-এর নির্বাহী পরিচালক (প্রকৌশল) ও মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় ফাইনাল খেলার চ্যাম্পিয়ন ও রানার্স আপ টিমকে ট্রফি তুলে দেন। নির্বাহী পরিচালক (প্রকৌশল) মহোদয় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র কর্তৃক সর্বপ্রথম এরকম একটি সুন্দর আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) ভবিষ্যতে কোম্পানির সকল বিদ্যুৎ কেন্দ্র তথা সকল দপ্তরের মধ্যে এ ধরনের প্রতিযোগিতা আয়েজন করা হবে মর্মে জানান। এছাড়াও, পুরস্কার বিতরণী অনুষ্ঠানে টুর্নামেন্টে অংশগ্রহণকারী সকল খেলোয়াড়, টিম মেন্টর, আম্পায়ার, ফিল্ড সুপারভাইজারদের মাঝে ১৫-টি ক্যাটাগরিতে ক্রেস্ট ও মেডেল প্রদান করা হয়।

# তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন



তথ্য অধিকার আইনের কার্যকর প্রয়োগের মাধ্যমে এর লক্ষ্য অর্জন নির্ভর করে সকল অংশীদার নাগরিক, সরকার, তথ্য কমিশন ও প্রতিষ্ঠানগুলোর সক্রিয় ভূমিকা ও অংশগ্রহণের মাধ্যমে। এ আইন প্রয়োগের মাধ্যমে সরকার জনগণকে তথ্য চাইতে উৎসাহিত করে। তাই কী প্রক্রিয়ায় তথ্য চাইতে হয় সেজন্য সচেতনতা গড়ে তোলা অপরিহার্য।

পাশাপাশি আইনের বাস্তবায়নের ক্ষেত্রে সরকার, সুশীল সমাজ, বেসরকারি সংগঠন এবং গণমাধ্যমকে সমন্বিত উদ্যোগ নেওয়ার মধ্য দিয়ে এগিয়ে আসতে হবে। তথ্য অধিকার আইনের একটি শক্তিশালী বিধান হলো, সরকারি কর্তৃপক্ষগুলো সর্বোচ্চ পরিমাণ তথ্য জনসমক্ষে প্রকাশ করবে স্বতঃপ্রণোদিতভাবে। অর্থাৎ নাগরিক বা সাংবাদিকদের চাওয়ার অপেক্ষায় না থেকে সরকারি কর্তৃপক্ষগুলো নিজ নিজ দপ্তরের কাজকর্ম—সম্পর্কিত অধিকাংশ তথ্য নিজ নিজ ওয়েবসাইটে এবং অন্যান্য মাধ্যমে জনসমক্ষে প্রকাশ করবে এবং নাগরিকদের তরফ থেকে যেকোনো তথ্যের চাহিদা মেটানোর জন্য আন্তরিকভাবে প্রস্তুত থাকবে; জনগণের প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানাবে না; বরং প্রশ্নের উত্তরের পাশাপাশি আনুষঙ্গিক আরও তথ্য-উপাত্ত সরবরাহ করবে। সকল পর্যায়ের মানুসের মধ্যে তথ্য অধিকার আইনের মর্মকথা সঠিকভাবে উপলব্ধির নিমিত্ত তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সরকারের লক্ষ্য হলো তথ্যের মালিক যে জনগণ তা নিশ্চিত করা এবং তথ্য গোপন রাখার অধিকার যে সরকারের কোনো কর্তৃপক্ষের নেই- এ বিষয় সচেতনতা তৈরি

করা। এ প্রেক্ষিতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড জনগণের নিকট তথ্য সরবরাহে বদ্ধ পরিকর। এবং তথ্য যে মানুষের অধিকার সে বিষয়ে জনচেতনতা সৃষ্টির লক্ষ্যে কর্মশালা আয়োজন করা হয়।

কোম্পানির ২০২২-২৩ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কোম্পানি সচিবালয়ের ওপর ন্যস্ত রয়েছে। এ প্রেক্ষিতে, কোম্পানি সচিবালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য সরবরাহের বাধ্যবাধকতা বিষয়ে অবহিত করণ এবং জনসাধারণের তথ্য পাওয়ার অধিকারের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কোম্পানি সচিবালয় কর্তৃক স্টেকহোল্ডার ও নানান স্তরের কর্মকর্তাবৃন্দের জন্য গত ১৫ ডিসেম্বর ২০২২ তারিখে একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় তথ্য অধিকার আইন অনুসারে তথ্য প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব ও কর্তব্য সমূহ সকলের সামনে তুলে ধরা হয়। এ কর্মশালায় কোম্পানির নানান স্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। উল্লেখ্য, বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণ অনলাইন ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আলোচ্য কর্মশালায় অংশগ্রহণ করেন।

# নিজস্ব জনবলের সহায়তায় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে Boiler Feedwater Pump (BFP)-এর Major Overhaul সম্পাদন

সিরাজগঞ্জ ২২৫ মে.ও. কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) যান্ত্রিক সংরক্ষণ বিভাগের নিজস্ব প্রকৌশলী ও টেকনিক্যাল স্টাফদের নিরলস প্রচেষ্টা ও টিমওয়ার্কের সমন্বয়ে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর ইতিহাসে প্রথমবারের মত সম্পূর্ণ স্থানীয় ব্যবস্থাপনায় Boiler Feedwater Pump (BFP)-এর Major Overhaul সফলভাবে সম্পন্ন (২৭/০৯/২০২২ খ্রি.–১৫/১০/২০২২ খ্রি.) করা হয়। উল্লেখ্য, অতীতে Boiler Feedwater Pump (BFP)-এর Major Overhaul-এর মত দুঃসাধ্য ও কঠিনতর কাজ সম্পাদনে সাধারানত Original Equipment Manufacturer (OEM)-এর বিশেষজ্ঞ/ এতদ্‌বিষয়ে কারিগরি দক্ষতা সম্বলিত বৈদেশিক বিশেষজ্ঞের শরণাপন্ন হতে হত, যা ব্যয়বহুলের পাশাপাশি নিজেদের অসহায়ত্বের বহিঃপ্রকাশ ছিল। তবে, যান্ত্রিক সংরক্ষণ বিভাগের নিজস্ব জনবলের মাধ্যমে আলোচ্য কাজটি সম্পন্ন করতে পারায় অত্র কোম্পানির একদিকে যেমন বড় ধরনের আর্থিক ব্যয় সাশ্রয় হয়েছে, অপরদিকে স্থানীয় প্রকৌশলী ও টেকনিক্যাল স্টাফদের মাঝে আত্মবিশ্বাস ও মনোবল বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।

**ওভারহোলিং কাজের আলোকচিত্রঃ**










এই অসাধারণ অর্জনকে স্মরণীয় করে রাখতে ০৫/১২/২০২২ খ্রি. তারিখে যান্ত্রিক সংরক্ষণ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব সঞ্জয় কুমার বাড়ৈ -এর নেতৃত্বে একটি নৈশ্যভোজের আয়োজন করা হয়। উক্ত নৈশ্যভোজে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের সম্মানিত প্রধান প্রকৌশলী জনাব শফিকুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি এ ধরনের উদ্যোগকে গভীরভাবে স্বাগত জানান এবং ভবিষ্যতে তা অব্যহত রাখতে সকল প্রকার সহযোগিতা প্রদানে দৃঢ়প্রত্যয় ব্যক্ত করেন। পরে, তিনি এ অসামান্য অর্জনের কৃতিত্ব স্বরূপ ১নং ইউনিটের যান্ত্রিক সংরক্ষণ বিভাগকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করেন। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে অত্র ইউনিটের প্ল্যান্ট ম্যানেজার জনাব ব্রজেন্দ্র কুমার সরকার, ২য় ইউনিটের প্ল্যান্ট ম্যানেজার জনাব আসাদ হালিম এবং ৩য় ইউনিটের প্ল্যান্ট ম্যানেজার জনাব শ্যামল কুমার দাস সহ মেজর ওভারহোলিং কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখা সকলেই উপস্থিত ছিলেন ।




Special Appreciation to
All the Engineer & Staff of
MMD (Unit-1)
For Successful Completion of
"Boiler Feed Water
Pump Major Overhauling of
Sirajganj 225 MW CCPP (Unit-1)"
Chief Engineer
Sirajganj Power Station
05 December, 2022




A great accomplishment...!
Established a Landmark...!
The Maiden Successful Completion of Boiler
Feed Water Pump Major Overhauling
by
Mechanical Maintenance Division
Sirajganj 225 MW Combined Cycle Power Plant (Unit-1)
Sirajganj Power Station
NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED
ISO 9001: 2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
(An Enterprise of Bangladesh Power Development Board)

# ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর
# গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

**কাজের বিবরণ**


১। বিদ্যুৎ কেন্দ্র Shut down থাকাকালীন সময়ে এর Annual Maintenance কার্যক্রম এর অংশ হিসেবে SFC Transformer এর অভ্যন্তরীন বিভিন্ন অংশ Tightening, cleaning, Measuring এবং checking করা হয়।



**কাজের বিবরণ**

২। আসন্ন Major Inspection এর প্রস্তুতির অংশ হিসেবে Gas Turbine (GT) এর Performance Guarantee Test (PGT) সম্পন্ন করার পূর্বে সংশ্লিষ্ট GT Instruments সমূহ যেমন – Thermocouple, Pressure Tranmsitter, Speed sensor ইত্যাদির Calibration এবং Testing সম্পন্ন করা হচ্ছে।






## কাজের বিবরণ

৩। বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা অনুযায়ী স্টিম টারবাইনের এল পি সেকশনের লাস্ট স্টেজ ব্লেড ইন্সপেকশন করা হয়।





## কাজের বিবরণ

৪। GT CO2 Fire Fighting System এর Fire Alarm Control Panel (LFACP) এর System Fault দূর করার জন্য OEM এর পরামর্শক্রমে CF card Modification এর নিমিত্তে প্রয়োজনীয় সংরক্ষণ কাজ সফলভাবে সম্পন্ন করা হয়। এছাড়া সিস্টেমটির নৈমিত্তিক সংরক্ষণ কাজও সম্পাদন করা হয়।



**কাজের বিবরণ**

৫। প্লান্টের ACW পাম্পের ওভারহোলিং সম্পন্ন করা হয়।




**কাজের বিবরণ**

৬। Annual Maintenance কার্যক্রম এর অংশ হিসাবে উক্ত Low Voltage Auxiliary Transformer টির অভ্যন্তরীন বিভিন্ন অংশ Tightning, cleaning, Measuring এবং checking করা হয়। এ সময়ে তড়িৎ সংরক্ষন বিভাগের নির্বাহী প্রকৌশলী Maintenance কার্যক্রম পরিদর্শন করেন।



# খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র



গ্যাস বুস্টার কম্প্রেসর কমিশনিং কাজের প্রস্তুতি হিসেবে বিয়ারিং টপ কভারের ইন্সপেকশন কার্যক্রম


গ্যাস বুস্টার কম্প্রেসর কমিশনিং এর প্রস্তুতি হিসেবে বিভিন্ন ধরনের ফিটিং এবং ক্যালিব্রেশন কার্যক্রম


গ্যাস বুস্টার কম্প্রেসর কমিশনিং কাজের প্রস্তুতি হিসেবে Discharge Isolation Valve-এর ইন্সপেকশন